

সংবাদ

তারিখ... ৬ MAY, 2007...  
পৃষ্ঠা... ২২... কলাম... ৭.....

৬/৫/০৭

## পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগে সার্চ কমিটি গঠন

পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-  
উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগে সচ্ছন্দতা  
আনতে সরকার শিক্ষা সচিবকে সভাপতি  
করে ৭ সদস্যের সার্চ কমিটি গঠন করেছে।  
কমিটির অন্য সদস্যরা হলেন- ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক  
ড. ওসামুদ্দিন আহমদ, ইস্ট এয়েস্ট  
ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের  
গঠন : ৭ঃ ১১ কঃ ৬

### গঠন : কমিটি

চেয়ারম্যান ড. ফরাস উলিন, ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক  
সৈয়দ ময়রুল ইসলাম, ময়ূরী কমিশনের  
ন্যূনপক্ষে সদস্য পদমর্যাদার প্রতিনিধি,  
শিক্ষা মন্ত্রণালয়ে যুগ্ম সচিব (ইউনিভার্সিটি)  
ও শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব  
(ইউনিভার্সিটি)।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি এক  
প্রজ্ঞাপন জারি করেছে। সার্চ কমিটি  
ইউনিভার্সিটিগুলো থেকে নিয়মিত  
অধ্যাপকদের হালনাগার তালিকা সংগ্রহ করে  
তাদের মধ্য থেকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের  
উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষের শূন্য  
পদে নিয়োগের জন্য সং ও যোগ্যতার প্রার্থী  
বাছাই করবে। কমিটি বিভিন্ন  
বিশ্ববিদ্যালয়ের শূন্য পদ পূরণের জন্য  
একটি পদের বিপরীতে তিনজন অধ্যাপকের  
নাম সুপারিশ করবে। তবে ঢাকা, রাজশাহী,  
জাহাঙ্গীরনগর ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের  
আইন অনুষঙ্গী উপাচার্য নিয়োগ পদ্ধতি,  
ভিন্নতর হওয়ায় ওই বিশ্ববিদ্যালয়গুলো  
প্রস্তাবিত সার্চ কমিটির আওতা বহির্ভূত  
হবে। কমিটি প্রয়োজনে সভায় মিলিত হবে  
এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ের শূন্য পদে  
নিয়োগের সার্বিক বিষয় পর্যালোচনা/সুপারিশ  
প্রণয়ন করবে। কমিটি প্রয়োজনে প্রাসঙ্গিক  
সদস্য কো-অপট করতে পারবে। তথ্য  
বিবরণী।